

সভার নাম- : উপজেলা পরিষদ মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সভা।
 তারিখ- : ০৭/০৯/২০২২খ্রিঃ
 সময়- : সকাল ১১-০০টা
 স্থান- : উপজেলা পরিষদ সভাকক্ষ, রামপাল, বাগেরহাট।
 সভাপতি- : জনাব মুসাম্মাৎ হোসেনয়ারা মিলি
 মহিলা ভাইস চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, রামপাল, বাগেরহাট।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ:


পরিশিষ্ট-ক

উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মুসাম্মাৎ হোসেনয়ারা মিলি এর সভাপতিত্বে অধ্যক্ষ উপজেলা পরিষদ মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রামপাল, বাগেরহাট কে অনুরোধ করেন। অতঃপর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন প্রকার সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সভায় সর্বস্মতিক্রমে গৃহীত হয়। পরে সভায় নিম্নলিখিত বিষয় আলোচনা হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির গত ১০/০৪/২০২২খ্রিঃ তারিখের ২৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২২-২০২৩ অর্থ বছর হতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন 'দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির' নাম পরিবর্তনপূর্বক 'ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম' নামকরণ করা হয়েছে। এখন থেকে সকল ক্ষেত্রে "ভিজিডি" নামের পরিবর্তে 'ভিডব্লিউবি' নামটি লিখিত ও পঠিত বলে গণ্য হবে। বিষয়টি সকলের অবগতির জন্য জানানো হলো। সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত 'ভিডব্লিউবি' ডি,ও ইউ,পি চেয়ারম্যান সাহেবদের বরাবর প্রেরণ করা হয়েছে। ভিডব্লিউবি এনজিও WADA কে সঞ্চয় আদায় ও প্রশিক্ষণ কার্যক্রমে সকল ইউ,পি চেয়ারম্যান সাহেবদের অনুরোধ করা হলো।	প্রত্যেক ইউনিয়নের 'ভিডব্লিউবি' উপকারভোগীদের ব্যাংক হিসাব খোলা সহ জানুয়ারি/২১ মাস থেকে ২০০/- টাকা হারে সঞ্চয় জমা করা সহ 'ভিডব্লিউবি' এনজিও WADA কে সহযোগিতা প্রদানের জন্য ইউ,পি চেয়ারম্যান সাহেবদের অনুরোধসহ প্রশিক্ষণ কার্যক্রম তদারকি করার জন্য বলা হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান সাহেবগন ও ভিজিডি এনজিও।
০২	দরিদ্র মা'র জন্য মাতৃকাল ভাতা প্রদান কর্মসূচির ২০২১-২২ অর্থ বছরে নতুন মাতৃকাল ভাতাভোগী নির্বাচনের জন্য কোন চিঠি এখনও পাওয়া যায় নাই তবে মাতৃকাল ভাতা এর নাম পরিবর্তন করে মা ও শিশু সহায়তা কার্যক্রম করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছর থেকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।	-	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
০৩	উপজেলা পর্যায় মহিলাদের আয়বর্ধক (IGA) প্রশিক্ষণ প্রকল্পে বিউটিফিকেশন ও ফ্যাশনডিজাইন ট্রেডে জুলাই/২২ - সেপ্টেম্বর/২২ পর্যন্ত ১৬তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম ৩০/০৯/২০২২খ্রিঃ তারিখ শেষ হবে এবং	পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।

	১০/১০/২০২২খ্রিঃ তারিখ থেকে ১৭তম ব্যাচের প্রশিক্ষণ শুরু হবে।		
০৪।	কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় রামপাল উপজেলার ১০টি ইউনিয়নে ১০টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলছে। প্রতিটি ক্লাবের জন্য ০১জন সংগীত শিক্ষক, ০১জন আবৃত্তি শিক্ষক এছাড়া রামপাল উপজেলায় ০২জন জেন্ডারপ্রমোটার ও ০১জন ক্যারেটে শিক্ষক আছে। ছেলে-মেয়েদের সংগীত, আবৃত্তি, ক্যারেটে বিষয় প্রশিক্ষণসহ জেন্ডার বিষয় সচেতনতা করা হয়। এছাড়া ক্লাবে খেলাধুলার জন্য ক্যারেমবোর্ড, দাবা, লুডু এর ব্যবস্থা আছে। সংগীত এর জন্য হারমোনিয়াম ও তবলা আছে। এছাড়া কিশোর কিশোরী ক্লাবের সদস্যরা বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুক প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয় এলাকায় সচেতনতা সৃষ্টি করে।	পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় নাথাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মুসাম্মাৎ হোসেনয়ারা মিলি)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি


উপজেলা পরিষদ মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটি
রামপাল, বাগেরহাট।

স্মারক নং-৩২.০১.০১৭৩.০০৫.০০.০৯১.২২-১৪৭

তারিখ-০৭/০৯/২০২২খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণঃ-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামপাল, বাগেরহাট।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট।
- ০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাগেরহাট।
- ০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামপাল, বাগেরহাট।
- ০৫। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ(সকল), কচুয়া, বাগেরহাট।
- ০৬। জনাব সায়রা বেগম, সহঃ অধ্যাপক, সুন্দরবন ডিগ্রী মহিলা মহাবিদ্যালয়, রামপাল, বাগেরহাট।
- ০৭। অফিস কপি।



০৭.০৭.২০২২

(কানিজ ফাতেমা শেফা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

রামপাল, বাগেরহাট।

ফোনঃ ০২৪৭৭৭৫৪৪৮৩


০৭/০৭/২২